# Times Today BD

জেলা প্রতিনিধি | রাজশাহী | 15 April, 2025

যশোর চাঁচড়া রায়পাড়া এলাকা থেকে একটি বিদেশী পিস্তল সহ একজনকে  আটক করেছে গোয়েন্দা পুলিশ (ডিবি) সোমবার রাত ১টার দিকে সদর উপজেলার চাঁচড়া রায়পাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক হওয়া ব্যক্তি হলেন, সদর উপজেলার শংকরপুর (ইছাহাক সড়ক) হিরুজুল হকের ছেলে রাব্বিল হোসেন মানিক (২৪)।

জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মনজুরুল হক ভুঞা জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে চাঁচড়া রায়পাড়া এলাকা অস্ত্রের মহড়া চলছে।তার ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনাকরে মানিককে গ্রেফতার করা হয় ।সে সময় তল্লাশি করে তার কাছথেকে একটি বিদেশী পিস্তল উদ্বার করা হয়। তার বিরুদ্ধে নিজস্ব বাহিনী তৈরি করে এলাকায় ভয়-ভীতি প্রদর্শন সহ সন্ত্রাসী মূলক কর্মকান্ড পরিচালনার অভিযোগ রয়েছে ।এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান ওসি।

পুলিশ পিস্তল আটক ডিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 06:44

URL: https://timestodaybd.com/public/rajshahi/683137844